গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

**পোস্ট কোড: বগুড়া-৫৮০০, বাংলাদেশ।**

কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১
www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com
ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন (মাইগ্রেশন) ও ২য় মেধা তালিকায় মনোনীত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি**

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩২
২৭ জুলাই ২০২৫

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'য় ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট- www.nu.ac.bd/admissions এ গিয়ে ২৬/০৭/২০২৫ হতে ০৩/০৮/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ভর্তি ফরম পূরণ করে তা ডাউনলোড করার পর কলেজ ওয়েবসাইটে (ahcollege gov bd) প্রবেশ করে PAYMENT অপশনে ক্লিক করতে হবে। তারপর ADMISSION & FORM FILLUP এ ক্লিক করে Under Graduate (Honours) নির্বাচন করে APPLY NOW এ ক্লিক করতে হবে। সেখানে মনোনীত বিভাগ নির্বাচন ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি রোল দিয়ে VERIFY করলে ভর্তির আবেদন ফরম আসবে। সেটি অনলাইনে পূরণ করে **ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি-এর Cellfin** গেটওয়ের মাধ্যমে **২৫২০/- (দুই হাজার পাঁচশত বিশ)** টাকা মাত্র ভর্তি ফি জমা দিতে হবে। তারপর উক্ত ফরমটি ডাউনলোড করে মনোনীত বিভাগে আদায় রশিদের মাধ্যমে সেমিনার ফি BSc এর সকল বিভাগের জন্য সেমিনার ফি ৬০০×৪=২,৪০০/- (দুই হাজার চারশত) টাকা ও ল্যাব উন্নয়ন ১০০/-(একশত) টাকা, BA, BBA ও BSS এর সকল বিভাগের জন্য সেমিনার ফি ৪৫০×৪=১,৮০০/- (এক হাজার আটশত) টাকা এবং সকল বিভাগের জন্য ব্যবস্থাপনা ফি ৫০ (পঞ্চাশ) টাকাসহ ভর্তি রোলের অনুকূলে পরিশোধ করে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ স্ব-স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন (মাইগ্রেশন)**

বিভিন্ন বিষয়ে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের বিষয় পরিবর্তন (মাইগ্রেশন) হয়েছে তাদের পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম অনলাইন থেকে একইভাবে ডাউনলোড করে সেই প্রিন্টকপি চান্সপ্রাপ্ত বিভাগে জমা দেওয়ার জন্য বলা হলো। মাইগ্রেশন শিক্ষার্থীদের ভর্তির জন্য সেমিনার ফি সমন্বয় করতে হবে তবে অন্য কোন ফি প্রদান করতে হবে না।

**ভর্তির তারিখ ও সময়: ২৬/০৭/২০২৫ থেকে ০৩/০৮/২০২৫ খ্রি. সকাল ১০টা থেকে বেলা ০৩:০০টা (সরকারি ছুটির দিন ব্যতীত)**

| ক্রমিক নং | খাতের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | ভর্তি ফি'স | ৩০.০০ |
| ০২ | এক বছরের বেতন | ৩০০.০০ |
| ০৩ | বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রেশন ও অধিভুক্তি ফি | ৬২০.০০ |
| ০৪ | ধর্মীয় অনুষ্ঠান তহবিল | ৩০.০০ |
| ০৫ | সাহিত্য ও সংস্কৃতি তহবিল | ৫০.০০ |
| ০৬ | বহিঃ ক্রীড়া তহবিল | ৫০.০০ |
| ০৭ | অভ্যন্তরীণ ক্রীড়া ও কমনরুম তহবিল | ৪০.০০ |
| ০৮ | ম্যাগাজিন তহবিল | ৩০.০০ |
| ০৯ | পরিচিতি পত্র তহবিল | ৫০.০০ |
| ১০ | রোভার স্কাউট তহবিল | ২৫.০০ |
| ১১ | বিএনসিসি তহবিল | ৬০.০০ |
| ১২ | রেড ক্রিসেন্ট তহবিল | ২০.০০ |
| ১৩ | উন্নয়ন তহবিল | ১০০.০০ |
| ১৪ | লাইব্রেরী তহবিল | ২৫.০০ |
| ১৫ | মসজিদ তহবিল | ৫০.০০ |
| ১৬ | পরিবহণ/বাস তহবিল | ২৭৫.০০ |
| ১৭ | কল্যাণ/দরিদ্র তহবিল | ২৫.০০ |
| ১৮ | অত্যাবশ্যকীয় কর্মচরী তহবিল | ৬০০.০০ |
| ১৯ | চিকিৎসা ভাতা তহবিল | ২০.০০ |
| ২০ | আইসিটি তহবিল | ২০.০০ |
| ২১ | বিবিধ তহবিল | ১০০.০০ |
| **মোট= দুই হাজার পাঁচশত বিশ টাকা মাত্র** | | **২৫২০.০০** |

**ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:**

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক আবেদনের অংশ, ভর্তি ফরমের কলেজ কপি (২সেট) এবং কলেজ ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ফরম (২সেট) ও পাসপোর্ট সাইজ রঙিন ছবি- ০১টি ;
২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র বিভাগে জমা দিতে হবে;
৩। শিক্ষার্থীর জাতীয় পরিচয় পত্র/জন্মনিবন্ধন ও পিতা-মাতা অথবা অভিভাবকের (পিতার অবর্তমানে) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি;
৪। ২,৫২০/- (দুই হাজার পাঁচশত বিশ) টাকা পেমেন্টের স্লিপ।

**বি. দ্র.** ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ৩১/০৭/২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

27/7/25

প্রফেসর মো: শওকত আলম মীর (৫৬৯০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর মোঃ শওকত আলম মীর (৫৬৯০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।

27/7/25